

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.nlaso.gov.bd

০১ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

নং ১০.০৭.০০০০.০০২.০৫.০১.২০১৭(পার্ট-২)- ৩২৭ (ফ)


তারিখ: ১৬ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর থেকেই ন্যায়পরায়ণ, দুর্নীতিমুক্ত, শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠায় সচেষ্ট আছে। সোনার বাংলা গড়ার প্রত্যয় নিয়ে বর্তমান সরকার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করেছে। এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা সরকারি আইনগত সহায়তা প্রদান কার্যক্রমে শুদ্ধাচার ও নৈতিকতা নিশ্চিত করার স্বার্থে কর্ম-পরিকল্পনা গ্রহণ করেছে। এই কর্ম-পরিকল্পনায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। জেলা পর্যায়ে আইনগত সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন, সমন্বয় ও তদারকিসহ সার্বিক তত্ত্বাবধানের জন্য জেলা কমিটির মাসিক সভা অত্যন্ত গুরুত্ব বহন করে। সুতরাং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে জেলা কমিটির সভায় অংশীজনের অংশগ্রহণে শুদ্ধাচার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

০২। সরকারি আইনগত সহায়তা প্রদান কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অনুষ্ঠিতব্য সভায় প্রত্যেক জেলায় সরকারি আইনগত সহায়তা কার্যক্রমের গুণগত মানোন্নয়নে কি কি পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়ন করা যেতে পারে, কি কি ব্যবস্থা নিলে কাজের স্বচ্ছতা বৃদ্ধি পাবে, কি ধরনের উদ্যোগ গ্রহণ করলে বিচারপ্রার্থী জনগণ সহজে এ সেবা গ্রহণ করতে পারে ইত্যাদি বিবিধ সুশাসন সংক্রান্ত বিষয়ের উপর আলোকপাত করতে পারেন। উল্লেখ্য যে, সংস্থার গৃহীত কর্ম-পরিকল্পনা অনুসারে জুলাই-সেপ্টেম্বর'২০ কোয়ার্টারে আপনার জেলায় সুশাসন প্রতিষ্ঠায় একটি সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করত: সেপ্টেম্বর'২০ মাসের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

০৩। এমতাবস্থায়, সুশাসন প্রতিষ্ঠায় সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নক্রমে আগামী ০৬ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে সংস্থা'কে লিখিত অবগতি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মাসুদ ইয়াসমিন)

সহকারী পরিচালক (মনিটরিং)
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
৪৯৩৪৯৮০২ (অঃ)
admonitoring@nlaso.gov.bd

লিগ্যাল এইড অফিসার
জেলা লিগ্যাল এইড অফিস.....।

(চট্টগ্রাম, চাঁদপুর, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী, কক্সবাজার,
বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ)

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি
- ২। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৬। পি এ টু পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৮। অফিস কপি/গার্ড ফাইল।